

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নম্বরঃ ৬৫৮

১৩/ সওম (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ১৩/৪ মাস উনত্রিশ দিনেও হয়।

الشهر يكون تسعا وعشرين

আরবী

حديث أم سلمة، أن النبي صلى الله عليه وسلم حلف لا يدخل على بعض أهله شهراً؛ فلما مضى تسعة وعشرون يوماً غداً عليهن أو راح؛ فقيل له: يا نبي الله حلفت أن لا تدخل عليهن شهراً قال: إن الشهر يكون تسعة وعشرين يوماً

বাংলা

৬৫৮. উম্মু সালামাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শপথ গ্রহণ করেন যে, এক মাসের মধ্যে তাঁর কতিপয় বিবির নিকট তিনি গমন করবেন না; কিন্তু যখন উনত্রিশ দিন অতিবাহিত হল তখন তিনি সকালে কিংবা বিকালে তাঁদের কাছে গেলেন। কোন একজন তাঁকে বললেন, হে আল্লাহর রাসূল! আপনি শপথ করেছেন এক মাসের মধ্যে কোন বিবির কাছে যাবেন না। তিনি বললেন, মাস উনত্রিশ দিনেও হয়ে থাকে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৭ : বিবাহ, অধ্যায় ৯২, হাঃ ৫২০২; মুসলিম, পর্ব ১৩: সওম, অধ্যায় ৪, হাঃ ১০৮৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83886>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন